

# দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডি আর টাওয়ার (১৩ তলা), ৬৫/২/২, বীর প্রতিক গাজী গোলাম দস্তগীর সড়ক  
(বক্স কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০০।

## পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

- ০১। বই, খাতা, মোবাইল ফোন, ক্যালকুলেটর (সায়েন্সিফিক), স্মার্টওয়াচ, কোন ইলেকট্রনিক ডিভাইস বা এ জাতীয় দ্রব্যাদি নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না। বর্ণিত নির্দেশ অমান্য করলে কর্মরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের পরীক্ষাদান থেকে বিরত রাখতে বা খাতা বাতিল করতে পারবেন।
- ০২। কার, মটর সাইকেল, ব্যাগ, ল্যাপটপ যা পরীক্ষার সাথে সম্পৃক্ত নয় এমন সামগ্রী পরীক্ষার্থীদের নিজ দায়িত্বে পরীক্ষা কেন্দ্রের বাহিরে সংরক্ষণ করতে হবে। কোন অবস্থাতেই উল্লিখিত সামগ্রী নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না।
- ০৩। উত্তরপত্রের উভয় পৃষ্ঠায় লিখতে হবে। প্রতিটি প্রশ্নের উত্তর নতুন পৃষ্ঠায় শুরু করতে হবে। কোনো প্রশ্নে ভিন্ন ভিন্ন অংশ থাকলে, ঐ ভিন্ন ভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে দিতে হবে, ভিন্ন ভিন্ন স্থানে দেয়া যাবে না। একই প্রশ্নের উত্তর ভিন্ন ভিন্ন স্থানে লেখা হলে নম্বর প্রদান করা হবে না।
- ০৪। অংকের প্রশ্নে অবশ্যই রাফ ক্যালকুলেশন দেখাতে হবে।
- ০৫। খসড়া বা অপ্রয়োজনীয় অংশ পরীক্ষার্থীকে নিজ হাতে কেটে দিতে হবে।
- ০৬। জেএআইবিবি ও এআইবিবি উভয়পর্বের প্রতিটি বিষয়ের জন্য Subject Code নির্ধারণ করা হয়েছে, যা OMR শীটে পরীক্ষার্থীগণকে যথাযথভাবে পূরণ করতে হবে। ইতিমধ্যে এতদসংক্রান্ত নির্দেশনা আইবিবি'র Web-site এ Upload দেয়া হয়েছে।
- ০৭। প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর পরীক্ষার পর্ব, রোল নম্বর, এনরোলমেন্ট নম্বর, বিষয় কোড, ব্যবহৃত লুজশীটের সংখ্যাসহ সকল তথ্য OMR শীটের পরীক্ষার্থীর অংশের নির্ধারিত স্থানে লিখতে হবে এবং কালো বলপয়েন্ট কলম দ্বারা বৃত্ত ভরাট করতে হবে। পাশাপাশি পরীক্ষার্থীকে অবশ্যই স্বাক্ষরের স্থানে স্বাক্ষর করতে হবে। কোনভাবেই “Do not Sign Out of the Box” এর বাইরে স্বাক্ষর করা যাবে না। এছাড়া, “Do not write mark in the Lithucode Area” এর মধ্যে লেখা বা কলমের দাগ দেয়া যাবে না।
- ০৮। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না এবং পরীক্ষা ০১ ঘণ্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কক্ষের বাইরে যেতে পারবেন না। পরীক্ষা সমাপ্তির পর প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগ করার পূর্বে কর্তব্যরত ইনভিজিলেটরের নিকট তাঁর উত্তরপত্র জমা দিতে হবে।
- ০৯। প্রদত্ত উত্তরপত্র ছাড়া প্রশ্নপত্রে বা অন্য কোথাও পরীক্ষার্থী কোনো কিছু লিখতে পারবেন না।
- ১০। পরীক্ষার সময় কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলের ভেতরে বা বাইরে কোনো প্রকার অসৌজন্যমূলক আচরণ করলে বা অসদুপায় অবলম্বন করলে কর্তব্যরত সুপারিনটেনডেন্ট যে কোন মুহূর্তে তাঁর পরীক্ষা বাতিল করতে পারবেন।
- ১১। প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর প্রবেশপত্র সাথে আনতে হবে।
- ১২। পরীক্ষার্থী শুধুমাত্র OMR শীটের পরীক্ষার্থীর অংশ ছাড়া উত্তরপত্রের অন্য কোথাও বা ব্যবহৃত লুজশীটে তাঁর রোল নম্বর, তালিকাভুক্তি নম্বর ও স্বাক্ষর বা পরিচিতিমূলক কোন কিছু লিখতে পারবেন না। এই নির্দেশ অমান্যকারী পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিল বলে বিবেচিত হবে।
- ১৩। OMR শীটে কর্তব্যরত ইনভিজিলেটরের স্বাক্ষর থাকতে হবে। OMR শীট ইনভিজিলেটরের স্বাক্ষরবিহীন থাকলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

মহাসচিব